তারিখ 02 MAR 2018
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বাউবির এইচএসসি পরীক্ষা শুরু আজ

■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে আজ শুক্রবার। গতকাল বৃহস্পতিবার বাউবি থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় সারাদেশে ৩৩৯টি পরীক্ষাকেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ পরীক্ষায় এক লাখ ৭৩ হাজার ৪৫১ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে ১ লাখ ১ হাজার ১৪২ ছাত্র এবং ৭২ হাজার ৩০৯ ছাত্রী। প্রতি শুক্রবার সকাল ও বিকেলে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৪ মে পরীক্ষা শেষ হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।